# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিষয়: **২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রমের অক্টোবর, ২০২২ মাস পর্যন্ত অগ্রগতি ও লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের রোডম্যাপ পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাব্যবস্থাপক (এইচআর) ও আহ্বায়ক, এপিএ টিম |
| সভার তারিখ | : | ৩০-১১-২০২২ |
| সভার সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | কমিটি রুম (লেভেল-৩), জিটিসিএল প্রধান কার্যালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত।

১.০। **আলোচনা:**

১.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমের লক্ষ্যমাত্রাসমূহ রোডম্যাপ অনুযায়ী অর্জনের ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন ও অক্টোবর, ২০২২ মাস পর্যন্ত অগ্রগতি সন্তোষজনক বলে সভায় অবহিত করেন।

১.২। সভাপতি এনআইএস /জিআরএস /সিটিজেন চার্টার /ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ইনোভেশন / আরটিআই কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সংশ্লিষ্ট সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রা অর্জনের সময়াবদ্ধ পরিকল্পনার রোডম্যাপে সম্ভাব্য তারিখ উল্লেখের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভায় জনবল প্রশিক্ষণ, অভ্যন্তরীণ শিখন, নলেজ শেয়ারিং, সভা, সেমিনার ইত্যাদি বিষয়ে নিয়োগ ও প্রশিক্ষণ ডিপার্টমেন্টর সাথে সমন্বয় করে তারিখ নির্ধাণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

১.৩। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট কমিটির ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) জানান যে, এতদসংক্রান্ত অগ্রগতি সন্তোষজনক ও কোন সমস্যা নেই। সভায়, তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। এছাড়া, সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের তথ্য ওয়েবসাইটে নির্ধারিত সময়ে হালনাগাদের জন্য সংশ্লিষ্ট কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে একটি তালিকা প্রনয়ণের নির্দেশনা প্রদান করা হয়।

১.৪। সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সফটওয়ার নিয়মিত লগইন করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। এছাড়া, সংশ্লিষ্ট সকল কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তারা কর্মসম্পাদন ক্ষেত্র এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রার নির্দিষ্ট কার্যক্রম অর্জন হয়েছে / হবে এতদসংক্রান্ত একটি সময়াবদ্ধ চেকলিস্ট তৈরির নির্দেশনা প্রদান করা হয়। এর উপর ভিত্তি করে এপিএ টিমের ফোকাল পয়েন্ট একটি সামগ্রিক চেক চেকলিস্ট তৈরি ও চেকলিস্ট অনুযায়ী কার্যক্রমসমূহ মনিটরিং এর সিদ্ধান্ত গৃহীত হয়।

১.৫। এপিএ টিমের ফোকাল পয়েন্ট তার বক্তব্যে সভায় জানান যে, কর্মসম্পাদন ক্ষেত্রের গ্যাস পাইপলাইন সম্প্রসারণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং নদী ক্রসিং (এইচডিডি পদ্ধতিতে) ৪ টি এর বিপরীতে ২ টি ইতোমধ্যে অর্জিত হয়েছে। ভূ-উপরিস্থ পাইপলাইন ও স্থাপনাসমূহের রংকরণ কাজের জন্য দরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে।

১.৬। মহাব্যবস্থাপক (ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট) ও সদস্য এপিএ কমিটি সভায় জানান যে, ভৌত অবকাঠামো নির্মাণ ৪টি কাজের বিপরীতে ২ টি ইতোমধ্যে অর্জিত হয়েছে ও লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে বলে আশা প্রকাশ করেন।

১.৭। জিটিসিএল এর নেটওয়ার্কের মাধ্যমে বিতরন কোম্পানির কাছে গ্যাস সরবরাহের লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে উপ-মহাব্যবস্থাপক, ফ্লো কন্ট্রোল সভায় জানান যে, এলএনজি আমদানি আগামীতে বৃদ্ধি পাবে বলে আশা প্রকাশ করেন ও লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। এপিএ টিমের ফোকাল পয়েন্ট সভায় অবহিত করেন যে, পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রার ক্ষেত্রে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত না হলে অর্জন শূন্য হিসাবে ধরা হবে এবং এ বিষয়টি গুরত্বের সাথে বিবেচনার আহবান জানান।

১.৮। উপ-মহাব্যবস্থাপক (অর্থ) রাজস্ব সংগ্রহ কার্যক্রমের অগ্রগতি প্রসঙ্গে সভায় অবহিত করেন যে, এপিএ রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। ।

২.০। **<u>সিদ্ধান্ত:</u>** সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.১। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রা অর্জনের সময়াবদ্ধ পরিকল্পনার রোডম্যাপে সম্ভাব্য তারিখ উল্লেখ করতে হবে;

২.২। এপিএ এর কার্যক্রমসমূহের তথ্য ওয়েবসাইটে সময়মত হালনাগাদের জন্য একটি তালিকা করতে হবে ও তদনুযায়ী হালনাগাদ হচ্ছে কিনা সেবিষয়টি তদারকি করতে হবে এবং প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে;

২.৩। কর্মসম্পাদন ক্ষেত্র এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রার একটি সমায়বদ্ধ চেকলিস্ট তৈরি করতে হবে। এর উপর ভিত্তি করে একটি সামগ্রিক চেক চেকলিস্ট তৈরি ও চেকলিস্ট অনুযায়ী কার্যক্রমসমূহ মনিটরিং করতে হবে।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/১২/২০২২

(মো. সাইফুল ইসলাম)
মহাব্যবস্থাপক (এইচআর), জিটিসিএল
ও
আহ্বায়ক, এপিএ টিম।

**<u>বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)</u>**

১। সকল মহাব্যবস্থাপক, জিটিসিএল।

২। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।

৩। সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।

৪। ফোকাল পয়েন্ট (এপিএ/এনআইএস/জিআরএস/সিটিজেন চার্টার/ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ইনোভেশন/আরটিআই কমিটি), জিটিসিএল।

**<u>অনুলিপি:</u>**

১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, জিটিসিএল।

২। অফিস কপি।

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা

আগারগাঁও, ঢাকা।

**২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি'র সকল কার্যক্রমের অক্টোবর, ২০২২ মাস পর্যন্ত অগ্রগতি ও লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের রোডম্যাপ পর্যালোচনা সভার উপস্থিতির তালিকা:**

তারিখ : ৩০-১১-২০২২

সময় : ১১:০০ ঘটিকা

স্থান : কমিটি রুম, লেভেল-৩

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | [signature] সাইফুল ইসলাম, মহাব্যব. (প্রকৌ.-অপা) | [signature] ৩০/১১/২২ |
| ২। | প্রকৌ. শাহেদা বানু, মহাব্যবস্থাপক (ডিএন্ডডি), | [signature] ৩০/১১/২০২২ |
| ৩। | মোঃ নজরুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (প্রকৌ-অপা [illegible]) | [signature] ৩০/১১/২০২২ |
| ৪। | মোঃ আব্দুর রহমান মজুমদার, ডিজিএম অর্থ | [signature] ৩০/১১/২০২২ |
| ৫। | মইনুদ্দিন আহমদ, ডিজিএম | [signature] |
| ৬। | মোঃ মশিউর রহমান, DGM & FP | [signature] |
| ৭। | SAROJ KANTI MAZUMDER | [signature] ৩০/১১/২২ |
| ৮। | মুহাম্মদ ইমরুল হক | [signature] |
| ৯। | Md. Nasir Hasan Khan DGM (ICT) | [signature] ৩০/১১/2022 |
| ১০। | Md. Siddiqur Rahman, DGM (Res) | [signature] ৩০/11/2022 |
| ১১। | মোঃ মামুনুর রশীদ সরকার, ব্যব: ([illegible]) | [signature] ৩০/১১/২২ |
| ১২। | মোঃ আবু দাউদ [illegible], ব্যবস্থাপক | [signature] 30/11/2022 |
| ১৩। | | |
| | | |
| | | |
| | | |